# ছয় দফায় তিন দিনের কর্মসূচি ঘোষণা খেলাফত মজলিসের




সংগৃহীত ছবি

জুলাই সনদের ভিত্তিতে জাতীয় নির্বাচন, পিআর পদ্ধতির বাস্তবায়ন ও আওয়ামী দোসরদের রাজনৈতিক কর্মকাণ্ড নিষিদ্ধসহ ছয় দফা দাবিতে তিন দিনের বিক্ষোভ কর্মসূচি ঘোষণা করেছে খেলাফত মজলিস। একই দাবিতে ইসলামী আন্দোলন বাংলাদেশ ও জামায়াতে ইসলামীও আলাদা কর্মসূচি দিয়েছে।

জুলাই সনদের ভিত্তিতে জাতীয় সংসদ নির্বাচন, আনুপাতিক প্রতিনিধিত্বমূলক (পিআর) পদ্ধতি বাস্তবায়ন এবং আওয়ামী দোসরদের সকল রাজনৈতিক কর্মকাণ্ড নিষিদ্ধসহ ছয় দফা দাবিতে তিন দিনের কর্মসূচি ঘোষণা করেছে খেলাফত মজলিস।

সোমবার (১৫ সেপ্টেম্বর) রাজধানীর বিজয়নগরে দলটির কেন্দ্রীয় কার্যালয়ে এ কর্মসূচি ঘোষণা করেন মহাসচিব আবদুল কাদের। তিনি জানান, আগামী ১৮ সেপ্টেম্বর ঢাকায়, ১৯ সেপ্টেম্বর দেশের সকল মহানগরে এবং ২৬ সেপ্টেম্বর সারাদেশে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হবে।

এ সময় তিনি বলেন, “জুলাই সনদ ঘোষণার আগে নির্বাচনী রোডম্যাপ ঘোষণা করা হয়েছে, যা সুষ্ঠু নির্বাচন নিয়ে সন্দেহ তৈরি করছে।”

একই দিনে, জুলাই সনদের ভিত্তিতে জাতীয় নির্বাচন ও পিআর পদ্ধতির বাস্তবায়নসহ পাঁচ দফা দাবিতে ইসলামী আন্দোলন বাংলাদেশ ও জামায়াতে ইসলামীও তিন দিনের কর্মসূচি ঘোষণা করেছে। ১৮ সেপ্টেম্বর ঢাকায়, ১৯ সেপ্টেম্বর বিভাগীয় শহরে এবং ২৬ সেপ্টেম্বর সারাদেশে তারা বিক্ষোভ মিছিল করবে

LENS ASIA